

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৯ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও . নং ৩৫১-আইন/আয়কর/২০২২।—জাতীয় রাজস্ব বোর্ড, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 58 এর sub-section (2) ও (3) এবং section 75A এর sub-section (3)-তে প্রদত্ত ক্ষমতাবলে, এতদ্বারা নির্ধারণ (specify) করিল, যে—

- (১) উক্ত Ordinance এর Chapter VII-এ বর্ণিত ক্ষেত্রসমূহের জন্য section 58 এর sub-section (1) এর অধীন প্রদানযোগ্য Certificate of Tax Deduction or Collection এবং sub-section (3) এর অধীন প্রদানযোগ্য Statement ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রস্তুত ও প্রদান করা যাইবে;
- (২) উক্ত Ordinance এর section 75A এর sub-section (1) ও (2) এর অধীন দাখিলযোগ্য Return of withholding tax ইলেক্ট্রনিক পদ্ধতিতে দাখিল করা যাইবে; এবং
- (৩) ইলেক্ট্রনিক পদ্ধতিতে উৎসে কর সংক্রান্ত Certificate of Tax Deduction or Collection, Statement এবং Return of withholding tax প্রস্তুত ও দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক [www.etds.gov.bd](http://www.etds.gov.bd) এর মাধ্যমে কার্য সম্পাদন করিতে হইবে, যথা :—
  - (ক) উক্ত ওয়েব সাইটে রেজিস্ট্রেশনপূর্বক লগইন করিতে হইবে;
  - (খ) লগইনপূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য পূরণ করিয়া তালিকা তৈরি করিতে হইবে;

(১৮৭৮৯)

মূল্য : টাকা ৮.০০

- (গ) তালিকা তৈরি করিয়া উক্ত Ordinance এর Chapter VII-এ বর্ণিত বিধান অনুসরণক্রমে অনলাইন অথবা Over The Counter (OTC) এর মাধ্যমে উৎসে আয়কর কর্তন বা সংগ্রহ করিতে হইবে;
- (ঘ) উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ উৎসে আয়কর কর্তন বা সংগ্রহের বিপরীতে সরবরাহকারী ও কর্মচারীদেরকে সার্টিফিকেট প্রদান করিবে;
- (ঙ) উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ কর্তৃক সিস্টেম হইতে প্রস্তুতকৃত উৎসে কর কর্তন বা সংগ্রহের মাসিক প্রতিবেদনসমূহ অনলাইনে দাখিল করিতে হইবে; এবং
- (চ) উৎসে কর কর্তনকারী বা সংগ্রহকারী কর্তৃপক্ষ কর্তৃক সিস্টেম হইতে প্রস্তুতকৃত উৎসে কর কর্তন বা সংগ্রহের রিটার্ন অনলাইনে দাখিল করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
চেয়ারম্যান।